



রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

প্রধান কার্যালয়, রাজশাহী
কর্মী ব্যবস্থাপনা বিভাগ

ফোন : ০২৪৭-৮৬০৫০৬
ফ্যাক্স : ০২৪৭-৮৬০৫০৬
ই-মেইল-dgmpd@rakub.org.bd
ওয়েবসাইট- www.rakub.org.bd

সহজ শর্তে কৃষি ঋণ, বদলে যাবে সবার দিন।
সততার কোন বিকল্প নাই, দুর্নীতির সাথে আপোষ নাই।

সার্কুলার লেটার নং-প্রকা/কব্যবি-০১/২০১৯

তারিখ: ৩১.০৩.২০১৯

বিষয়: 'বাংলা নববর্ষ ভাতা ১৪২৬' প্রদান প্রসঙ্গে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ, বাস্তবায়ন অনুবিভাগের ১৫-১২-২০১৫ তারিখের ০৭.০০.০০০০.১৬১.০০.০০৩.১৫-৩১১ নম্বর স্মারক মূলে জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর গেজেট প্রকাশিত হয়। উক্ত গেজেটের ১৫ নং অনুচ্ছেদের মাধ্যমে 'বাংলা নববর্ষ ভাতা' প্রবর্তন করা হয় এবং একই অনুচ্ছেদের ০৪ নং উপ-অনুচ্ছেদে 'বাংলা নববর্ষ ভাতা' প্রদানের ক্ষেত্রে অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের ১৪-১০-২০১৫ তারিখের ০৭.০০.০০০০.১৭৩.৪৪.০১৮.১৪-৭৮ নম্বর প্রজ্ঞাপন অনুসরণ করার নির্দেশনা প্রদান করা হয়েছে।

০২। অর্থ মন্ত্রণালয়ের ১৪-১০-২০১৫ তারিখের প্রজ্ঞাপনের মাধ্যমে 'বাংলা নববর্ষ ভাতা' প্রদানের ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হয়েছে:

- (০১) আগামী ১৪২৩ বঙ্গাব্দ হতে 'বাংলা নববর্ষ ভাতা' প্রবর্তিত হবে;
- (০২) জাতীয় বেতনস্কেলের আওতাভুক্ত সকল কর্মচারী (সামরিক/বেসামরিক) প্রতিবছর মার্চ মাসে আহরিত মূল বেতনের ২০% হারে 'বাংলা নববর্ষ ভাতা' প্রাপ্য হবেন;
- (০৩) মাসিক নীট পেনশন গ্রহণকারীগণ এবং আজীবন পারিবারিক পেনশন ভোগীগণ তাঁদের মাসিক নীট পেনশনের ২০% হারে এ ভাতা প্রাপ্য হবেন; এবং
- (০৪) ১০০% পেনশন সমর্পণকারীগণের ক্ষেত্রে এ ভাতা প্রযোজ্য হবে না।

০৩। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ, প্রবিধি অনুবিভাগ, প্রবিধি-৩ অধিশাখা কর্তৃক ১৯.০৪-২০১৭ তারিখের ০৭.০০.০০০০.১৭৩.৪৪.০৬৬.১৬৬-৪০ নম্বর প্রজ্ঞাপনের মাধ্যমে ১০০% পেনশন সমর্পণকারীগণের জন্য "বাংলা নববর্ষ ভাতা" প্রবর্তনের ক্ষেত্রে নিম্নরূপ সিদ্ধান্ত প্রদান করা হয়েছে :


"(০১) ১০০% পেনশন সমর্পণকারী কর্মচারীগণ পেনশন সমর্পণ না করলে যে পরিমাণ নীট পেনশন প্রাপ্ত হতেন তার ২০% হারে বাংলা নববর্ষ ভাতা প্রাপ্য হবেন; এবং

(০২) ১৪২৪ বঙ্গাব্দ থেকে তারা এ ভাতা প্রাপ্য হবেন।"

০৪। জাতীয় বেতন স্কেল, ২০১৫, অর্থ মন্ত্রণালয়ের ১৪-১০-২০১৫ এবং ১৯.০৪-২০১৭ তারিখের প্রজ্ঞাপনের নির্দেশনা যথাযথভাবে অনুসরণপূর্বক জাতীয় বেতন স্কেলের আওতাভুক্ত এ ব্যাংকের সকল কর্মকর্তা-কর্মচারীকে (মাসিক নীট পেনশন গ্রহণকারীগণ ও আজীবন পারিবারিক পেনশন ভোগীগণ এবং ১০০% পেনশন সমর্পণকারী কর্মকর্তা-কর্মচারীগণসহ) 'বাংলা নববর্ষ ১৪২৬' উদযাপনের লক্ষ্যে মার্চ, ২০১৯ মাসে আহরিত মূল বেতনের ২০% হারে অনুষ্ঠান উদযাপনের ০৭ (সাত) দিন পূর্বে 'বাংলা নববর্ষ ভাতা' বিতরণযোগ্য হবে।

০৫। ব্যাংকের হিসাব খাতে পরিচালিত অন্যান্য সম্পদ খাত কোড ১৩ এর অধীনে ১৩৩ খরচ খাতের ১৩৩/১৪-এ 'বাংলা নববর্ষ ভাতা' উপ-খাত বিকলন (ডেবিট) করে ব্যাংকে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের এ ভাতা প্রদান করতে হবে এবং কোন অবস্থাতেই এ অংক প্রধান কার্যালয়ের হিসাবে বিকলন (ডেবিট) করা যাবে না। এছাড়া মাসিক নীট পেনশন গ্রহণকারী ও আজীবন পারিবারিক পেনশনভোগী এবং ১০০% পেনশন সমর্পণকারী কর্মকর্তা-কর্মচারীগণের জন্য 'বাংলা নববর্ষ ভাতা' ১৩১/১১ R উপ-খাত বিকলন করে প্রদানের জন্য পরামর্শ দেয়া হলো। ইহা অবিলম্বে কার্যকর হবে।

অনুমোদনক্রমে-




(মোঃ আব্দুর রহিম)
উপ-মহাব্যবস্থাপক

নং-প্রকা/কব্যবি-৭/২০১৮-২০১৯/৩৪৪৭(৪৫০)

তারিখ: ঐ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো:

১. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, পর্ষদ সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
২. স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
৩. স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
৪. মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
৫. সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী (সার্কুলারটি ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগকে অনুরোধ করা হলো)।
৬. অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী।
৭. বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
৮. উপ-মহাব্যবস্থাপক, রাকাব, ঢাকা কর্পোরেট শাখা, ঢাকা।
৯. সকল জোনাল ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১০. প্রকল্প পরিচালক, রাকাব-এসইসিপি, সিপিও, রাজশাহী।
১১. সহকারী মহাব্যবস্থাপক, বুকি ব্যবস্থাপনা ইউনিট, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
১২. ব্যবস্থাপক (সমব্য), রাকাব, স্থানীয় মুখ্য কার্যালয়, রাজশাহী।
১৩. সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১৪. সকল শাখা ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১৫. অফিস নথি।


(শেখ মুকতারুজ্জামান)
উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা